আইন স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮
স্নাতক (সম্মান) প্রোগ্রামে ভর্তিসংক্রান্ত তথ্যাবলী
শিক্ষাবর্ষ ঃ ২০১৬-২০১৭

খুলনা বিশ্ববিদ্যালয়ের আইন স্কুলের অধীন আইন ও বিচার ডিসিপ্লিনে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) প্রোগ্রামের প্রথম বর্ষে ভর্তিসংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপঃ

ক. আসন সংখ্যা

ডিসিপ্লিনের নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন*		মোট আসন	বিকেএসপি কোটা**	সর্বমোট আসন
		মুক্তিযোদ্ধা কোটা	উপজাতি কোটা			
আইন ও বিচার	৩৮	০১	০১	৪০	০১	
মোট	৩৮	০১	০১	৪০	০১	৪১

* মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সাধারণ আসনের অপেক্ষমাণ তালিকা থেকে মেধাক্রমানুযায়ী সংরক্ষিত আসন পূরণ করা হবে।

** বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য স্কুলে ১ (এক) টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে।

খ. ভর্তি পরীক্ষায় আবেদনের যোগ্যতা

খ.১. যারা ২০১৫ বা ২০১৬ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, অথবা যারা ২০১৫ বা ২০১৬ সালে জিসিই 'A' লেভেল পরীক্ষায় ন্যূনতম ২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে শুধু তারাই খ.২.১ বা খ.২.২ এর শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

খ.২.১. প্রার্থীর এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৪.৫ (চতুর্থ বিষয়সহ) এবং প্রার্থীর এইচএসসি/সমমানের পরীক্ষায় ইংরেজি বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫ থাকতে হবে।

খ.২.২. প্রার্থীর জিসিই 'O' লেভেল পরীক্ষায় ৩ (তিন) টি বিষয়ে এবং জিসিই 'A' লেভেল পরীক্ষায় ২ (দুই) টি বিষয়ে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

খ.২.৩. জিসিই 'O' লেভেল ও জিসিই 'A' লেভেল এবং ২০০৮ সালের পূর্বে এসএসসি পর্যায়ে উত্তীর্ণ হওয়া আবেদনকারী আইন স্কুলের ভর্তি পরীক্ষার সভাপতি বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র ৩০/০৯/২০১৬ তারিখ বিকাল ৫:০০ মিনিটের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি আইন স্কুলের ডিন অফিসে জমা দিতে পারবে। আবেদনপত্রের সাথে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার গ্রেডশিট/মার্কশিট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর একটি করে অনুলিপি এবং 'সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটি, আইন স্কুল' বরাবর 'অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা'-এর অনুকূলে নির্ধারিত আবেদন ফি-এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। আবেদনপত্রে প্রার্থীর যোগাযোগের ঠিকানা ও মুঠোফোন/ফোন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

খ.৩. আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রাপ্ত মোট জিপিএ -এর ভিত্তিতে মেধাক্রমানুযায়ী যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে, যার প্রথম ৭,০০০ (সাত হাজার) জন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে ৭,০০০ (সাত হাজার) তম প্রার্থীর সমযোগ্যতা সম্পন্ন সকলেই (যদি থাকে) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ. ভর্তি পরীক্ষা ও মেধাক্রম প্রস্তুত প্রক্রিয়া

গ.১. ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

গ.২. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর (গ.৪) ও এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে গ.৫ অনুসরণে মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করা হবে।

গ.৩. ভর্তির জন্য বিবেচিত হতে হলে ভর্তি পরীক্ষায় 'ইংরেজি' বিষয়ে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।

গ.৪. ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর বণ্টন

বিষয়	নম্বর	সময়
বাংলা	২০	১ ঘন্টা
ইংরেজি	৩০	
সাধারণ জ্ঞান	২৫	
সর্বমোট	৭৫	

গ.৫. মেধাক্রম প্রস্তুত প্রক্রিয়া

বিষয়	নম্বর
ভর্তি পরীক্ষা	৭৫
এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল	১০
এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল	১৫
সর্বমোট	১০০

ঘ. ভর্তিসংক্রান্ত তারিখ ও সময়সূচি

ক্রমিক নং	বিবরণ	তারিখ	সময়কাল
ঘ.১.	আবেদন শুরু	০৫.০৯.২০১৬	-
ঘ.২.	আবেদন শেষ	৩০.০৯.২০১৬	-
ঘ.৩.	যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ (রোল নম্বরসহ)	১৬.১০.২০১৬	-
ঘ.৪.	ভর্তি পরীক্ষা	০৫.১১.২০১৬	বিকাল ২:৩০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট (প্রথম ৩০ মিনিট প্রবেশপত্র যাচাই ও উত্তরপত্রে স্বাক্ষর)
ঘ.৫.	ফলাফল প্রকাশ	১৪.১১.২০১৬	তারিখ বা তার পূর্বে
ঘ.৬.	মেধা তালিকা থেকে নিবন্ধন	২৩.১১.২০১৬	সকাল ৯:০০ মিনিট থেকে সকাল ১১:৩০ মিনিট
ঘ.৭.	মেধা তালিকা থেকে ভর্তি	২৩.১১.২০১৬	দুপুর ১২:০০ মিনিট থেকে বিকাল ৩:৩০ মিনিট
ঘ.৮.	অপেক্ষমাণ তালিকা থেকে নিবন্ধন	২৮.১১.২০১৬	সকাল ৯:০০ মিনিট থেকে সকাল ১১:৩০ মিনিট
ঘ.৯.	অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি	২৮.১১.২০১৬	দুপুর ১২:০০ মিনিট থেকে বিকাল ৩:৩০ মিনিট
ঘ.১০.	ক্লাস শুরু	০১.০১.২০১৭	-

ঙ.আবেদন করার নিয়মাবলী

প্রার্থীকে পত্রিকায় প্রকাশিত পদ্ধতি অনুযায়ী ওয়েবসাইট www.ku.cloudonebd.com এর মাধ্যমে আবেদন করতে হবে।

চ. ভর্তি প্রক্রিয়া

চ.১. ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা আইন স্কুলের নোটিশ বোর্ড এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ku.ac.bd এ প্রকাশ করা হবে।

চ.২. মেধা তালিকার প্রার্থীদের নির্ধারিত তারিখ সকাল ৯:০০ মিনিট থেকে সকাল ১১:৩০ মিনিট পর্যন্ত ভর্তির জন্য উপস্থিতি নিবন্ধন করা হবে। শুধু নিবন্ধনকৃত প্রার্থীদের দুপুর ১২:০০ মিনিট থেকে বিকাল ৩:৩০ মিনিট পর্যন্ত মেধাক্রমানুযায়ী মূল সনদপত্র যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষাসহ ভর্তি করা হবে। ভর্তির জন্য নির্ধারিত তারিখ ও সময়ে নিবন্ধন, মূল সনদপত্র যাচাইসহ স্বাস্থ্য পরীক্ষায় হাজির না হলে ভর্তির যোগ্যতা বাতিল হবে।

চ.৩. একজন প্রার্থী সাধারণ আসন এবং সংরক্ষিত আসনের উভয় মেধা তালিকায় নির্বাচিত হলে সে যে মেধা তালিকায় বিবেচিত হতে চায় তা সনদপত্র যাচাইয়ের সময় উল্লেখ করতে হবে।

চ.৪. খুলনা বিশ্ববিদ্যালয় মনোনীত চিকিৎসক নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। পরীক্ষায় যদি প্রার্থীর কোনো প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করা প্রার্থীর পক্ষে সম্ভব হবে না বলে বিবেচিত হয়, তাহলে সে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। তবে নিরাময়যোগ্য ব্যাধির ক্ষেত্রে ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে প্রার্থীকে পুনঃপরীক্ষা করে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহিত হবে। স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তি পরীক্ষা কমিটির সভাপতির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।

চ.৫. ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার মূল গ্রেডশিট/মার্কশিট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল সনদপত্র ভর্তির দিন অবশ্যই জমা দিতে হবে।

চ.৬. মেধা তালিকার প্রার্থী ভর্তির পর আসন শূন্য থাকলে অপেক্ষমাণ তালিকা থেকে মেধাক্রমানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে। অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের নির্ধারিত তারিখ সকাল ৯:০০ মিনিট থেকে সকাল ১১:৩০ মিনিট পর্যন্ত ভর্তির জন্য উপস্থিতি নিবন্ধন করা হবে। শুধু নিবন্ধনকৃত প্রার্থীর দুপুর ১২:০০ মিনিট থেকে বিকাল ৩:৩০ মিনিট পর্যন্ত শূন্য আসনসাপেক্ষে মেধাক্রমানুযায়ী মূল সনদপত্র যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষাসহ ভর্তি করা হবে।

চ.৭. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থীর সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মূল সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

চ.৮. উপজাতি কোটার ক্ষেত্রে প্রার্থী কোন্ এলাকার বাসিন্দা এবং সে উপজাতি কি-না তার প্রমাণস্বরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণ করেছিল সেই প্রতিষ্ঠান প্রধান/প্রথম শ্রেণির গেজেটেড অফিসার/স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান স্বাক্ষরিত মূল সনদপত্র অথবা উপজাতি গোত্রের মোড়ল (চীফ) কর্তৃক প্রদত্ত এবং স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

চ.৯. ভর্তি সম্পন্ন হওয়ার পর কোনো আসন শূন্য হলে মেধাক্রমানুযায়ী অপেক্ষমাণ তালিকা হতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

চ.১০. ভর্তিকৃত কোনো শিক্ষার্থী নির্ধারিত সময়ে কোর্স রেজিস্ট্রেশন না করলে তার ভর্তি বাতিল হবে এবং পরবর্তী ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে উক্ত শূন্য আসনে অপেক্ষমাণ তালিকা থেকে মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে।

চ.১১. ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে আনুমানিক ১৪,০০০/- (চৌদ্দ হাজার টাকা) প্রয়োজন হবে।

ছ. বিশেষ দ্রষ্টব্য

ছ.১. ভর্তি পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে অবশ্যই ওয়েবসাইট ku.cloudonebd.com থেকে Application ID এর মাধ্যমে সংগ্রহকৃত প্রবেশপত্রের ০২ (দুই) কপি এর প্রত্যেকটির অপর পৃষ্ঠায় প্রার্থীর মুঠোফোন/ফোন নম্বর লিখে সঙ্গে আনতে হবে ।

ছ.২. ভর্তি পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর অর্থাৎ বিকাল ৩:১৫ মিনিটের পর আর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না ।

ছ.৩. ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে সিটের নিশ্চয়তা দেয়া সম্ভব নয় ।

ছ.৪. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা, পরীক্ষার আসন বিন্যাস, ভর্তির সময়সূচি এবং ভর্তিসংক্রান্ত অন্যান্য যাবতীয় তথ্যাবলী ‘ডিন অফিস, আইন স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়’ এর নোটিশ বোর্ড এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ku.ac.bd থেকে প্রার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে ।

ছ.৫. পরীক্ষার সময় মুঠোফোন সঙ্গে রাখা যাবে না ।

ছ.৬. ভর্তিসংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার ভর্তি পরীক্ষা কমিটি সংরক্ষণ করে ।

ছ.৭. জরুরি প্রয়োজনে যোগাযোগঃ মুঠোফোন # ০১৮১৫-৮৪২৭৭৭ (ছুটির দিন ব্যতীত সকাল ১০:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট পর্যন্ত) ।

স্বাক্ষরিত/
প্রফেসর ড. মোঃ আব্দুল জব্বার
সভাপতি
স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা কমিটি ২০১৬-২০১৭
ও
ডিন (ভারপ্রাপ্ত)
আইন স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৮